গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০১.০১০.১৭/ ৯৬৭(স)

তারিখ: ১৫ শ্রাবণ, ১৪২৪ বঃ
৩০ জুলাই, ২০১৭ খ্রিঃ

বিষয়: **Unglazed/ Unfinished Ceramic Tiles নামক পণ্যের সঠিক শ্রেণিবিন্যাসকরণ।**

সূত্র: Bangladesh Taiwan Ceramic Industries Ltd. এর ২৩/০৭/২০১৭ খ্রিঃ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। শতভাগ রপ্তানিকারক প্রতিষ্ঠান Bangladesh Taiwan Ceramic Industries Ltd. চায়না হতে Unglazed/ Unfinished Ceramic Tiles নামক পণ্য এইচ.এস.কোড ৬৯০৭.৯০.০০ ঘোষণায় আমদানিপূর্বক তাদের কারখানায় polished এবং glazed করে কমপক্ষে ৩০% মূল্য সংযোজন করে রপ্তানি করে থাকে। কাস্টমস বন্ড কমিশনারেট হতে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে Unglazed/ Unfinished Tiles নামক পণ্য এইচ.এস.কোড ৬৯০৭.৯০.০০ হিসেবে প্রাপ্যতা প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, প্রতি ৫ (পাঁচ) বছর পর পর WCO কর্তৃক Explanatory Notes নতুন করে জারি করা হয়। WCO ২০১৭ সালে নতুন Explanatory Notes ইতোমধ্যে জারি করেছে। উক্ত Explanatory Notes এর আলোকে বাংলাদেশ সরকার Bangladesh Customs Tariff (BCT) সংশোধন করেছে। সংশোধিত Explanatory Notes এবং Bangladesh Customs Tariff (BCT) এর চ্যাপ্টার ৬৯ এর হেডিং ৬৯.০৭ এর বর্ণনা পরিবর্তন করা হয়েছে এবং হেডিং ৬৯.০৮ বিলুপ্ত করা হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে বর্ণিত পণ্যের এইচ.এস.কোড নিয়ে জটিলতা সৃষ্টি হওয়ায় সঠিক এইচ.এস.কোড নির্ধারণের জন্য আমদানিকারক জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করেছে।

৩। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট দলিলাদি, আইন, বিধি, ২০১৭ সালে নতুন Explanatory Notes ও ২০১৭-২০১৮ অর্থবছরের Bangladesh Customs Tariff (BCT) এবং ২০১২ সালের Explanatory Notes ও ২০১৬-২০১৭ অর্থবছরের Bangladesh Customs Tariff (BCT) এর ব্যাখ্যার আলোকে পর্যালোচনা করা হলো। পর্যালোচনায় দেখা যায়, ২০১৬-২০১৭ অর্থবছরের Bangladesh Customs Tariff (BCT) এর পৃষ্ঠা নং ২১৫ এ হেডিং ৬৯.০৭ এবং হেডিং ৬৯.০৮ বিদ্যমান। এদের বর্ণনা নিম্নরূপ:

| ক্রম | হেডিং | বর্ণনা |
|---|---|---|
| ১. | ৬৯.০৭ | Unglazed ceramic flags and paving, hearth or wall tiles; unglazed ceramic mosaic cubes and the like, whether or not a backing. |
| ২. | ৬৯.০৮ | Glazed ceramic flags and paving, hearth or wall tiles; glazed ceramic mosaic cubes and the like, whether or not a backing. |

কিন্তু ২০১৭ সালের নতুন Explanatory Notes ও ২০১৭-২০১৮ অর্থবছরের Bangladesh Customs Tariff (BCT) এ হেডিং ৬৯.০৭ এর বর্ণনা পরিবর্তন করা হয়েছে এবং হেডিং ৬৯.০৮ বিলুপ্ত করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরের BCT এর পৃষ্ঠা নং ২২০ এ হেডিং ৬৯.০৭ এর বর্ণনা নিম্নরূপ: Ceramic flags and paving, hearth or wall tiles; glazed ceramic mosaic cubes and the like, whether or not a backing; finishing ceramics। ২০১৭ সালে নতুন Explanatory Notes পর্যালোচনায় দেখা যায়, ২০১৭ সালের Explanatory Notes এর Volume-3 এর পৃষ্ঠা নং XIII-6907-1 থেকে XIII-6907-3, Heading- 69.07 এর Heading Notes এ উল্লেখ আছে, This heading covers ceramic flags and tiles, including quarry tiles, commonly used for paving or for facing walls, hearts, etc. এছাড়া এগুলো সাধারণত rectangular বা বিভিন্ন geometric shapes (যেমন: hexagonal, octagonal, etc.) এ হয়ে থাকে। Tiles সাধারণত walls, mantelpieces, hearts, floors and paths এ ব্যবহৃত হয়। এগুলো সাধারণত সাভাবিক room temperature এ clays বা other inorganic raw materials দ্বারা ছাঁচের মাধ্যমে চাপ প্রয়োগ করে বা অন্য প্রক্রিয়া অবলম্বন করে বিশেষ আকার দেওয়া হয়। অতপর শুকানো হয় এবং ধারাবাহিকভাবে পর্যাপ্ত তাপে কাঙ্খিত পণ্যে রূপান্তরিত হয়। এর wear resistance এবং verification rate নির্ভর করে tiles এর structure এর উপর। আর tiles এর structure নির্ভর করে এতে পানি শোষণ ক্ষমতা কতটুকু তার উপর। উচ্চ পানি শোষণ ক্ষমতাসম্পন্ন tiles সমূহ porous structure এবং নিম্ন পানি শোষণ ক্ষমতাসম্পন্ন tiles সমূহ compact (vitrified) structure হয়ে থাকে। এ হেডিং এর অধীন পণ্যের শ্রেণিবিন্যাস পণ্যের composition দ্বারা নির্ধারিত না হয়ে shape এবং size দ্বারা নির্ধারিত হয়। এ হেডিং এর পণ্যসমূহ বিভিন্ন রং, marbled ribbed, channeled, fluted, glazed ইত্যাদি হতে পারে।

৪। উপর্যুক্ত পর্যালোচনার পরিপ্রেক্ষিতে দেখা যাচ্ছে যে, Unglazed/ Unfinished Ceramic Tiles সমূহ হেডিং ৬৯.০৭ এর অধীন পানি শোষণ ক্ষমতার উপর নির্ভর করে শ্রেণিবিন্যাসিত হবে। আবেদনকারি কর্তৃক সরবরাহকৃত রপ্তানিকারক দেশের একটি টেস্ট রিপোর্টে উল্লেখ আছে আলোচ্য পণ্য নিম্ন পানি শোষণ ক্ষমতাসম্পন্ন যা ০.৫ শতাংশের কম। উক্ত রিপোর্ট এবং **GIR-1 & 6** অনুযায়ী আলোচ্য Unglazed/ Unfinished ceramic Tiles সমূহ হেডিং ৬৯.০৭ এর অধীন **এইচ.এস.কোড ৬৯০৭.২১.০০** তে **শ্রেণিবিন্যাসযোগ্য।**

৫। Customs Act, 1969 এর section 219A এর বিধান অনুযায়ী জনস্বার্থে এই রুলিং জারি করা হলো।

স্বাক্ষরিত/-
মোঃ লুৎফর রহমান
সদস্য, কাস্টমস নীতি

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-৬। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি/ মংলা/ পানগাঁও।

৭-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

২৩-২৬। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ কাস্টমসন রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২৭-২৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/ চট্টগ্রাম।

২৯। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

৩০। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৩১। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

৩২। ব্যবস্থাপনা পরিচালক, Bangladesh Taiwan Ceramic Industries Ltd., বাড়ি নং-৩১ (৪র্থ ফ্লোর), রোড-০৬, ব্লক-সি, বনানি, ঢাকা-১২১৩।

৩৩। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড। [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]

৩৪। অফিস কপি/ গার্ড নথি।

৩০.০৭.১৭

মোঃ শরফুদ্দিন মিঞা
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
টেলিফোন: ৮৩১৮১০১-৮ এবং ৮৩১৮১২০-২৬, এক্স-৪২৪
ই-মেইল: nbrclassification@gmail.com